জীবনের জন্য বিজ্ঞান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ
সংস্থাপন শাখা-১
ড. কুদরাত-এ-খুদা সড়ক, ধানমন্ডি,ঢাকা-১২০৫
www.bcsir.gov.bd

নং: ৩৯.০২.০০০০.০০৭.৪৮.০০১.২৪/১০৮২ তারিখ: ২৭.১০.২০২৫

## বিসিএসআইআর রিসার্চ ফেলো নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের নিম্নবর্ণিত ফেলোশিপের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে (https://grant.most.gov.bd/en/services/bcsir/research-fellowship) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | ফেলোশিপের নাম | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | আবেদনকারীর বয়সসীমা | মাসিক ভাতা (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | বিসিএসআইআর পোস্ট ডক্টরাল ফেলোশিপ<br>বিষয় :<br>কেমিস্ট্রি/ ভূতত্ত্ব/ ম্যাটেরিয়াল সাইন্স/ মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং/ পদার্থ বিজ্ঞান | ৩ টি | বিজ্ঞান/ প্রযুক্তি সংক্রান্ত সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি (শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/ সমমানের গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণ গ্রহণযোগ্য বিবেচিত হবেন না) | বয়সসীমা নির্ধারিত নেই | মাসিক ভাতা ৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার) টাকা |
| ২ | ড. কুদরাত -এ -খুদা ডক্টরাল ফেলোশিপ<br>বিষয় :<br>বোটানী/ জুওলজি/ কেমিস্ট্রি/ বায়োকেমিস্ট্রি/ ফার্মাসী/ মাইক্রোবায়োলজি/ এগ্রিকালচার কেমিস্ট্রি | ৫ টি | সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রির জন্য নিবন্ধনকৃত (শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/ সমমানের গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণ গ্রহণযোগ্য বিবেচিত হবেন না) | ০১.১১.২০২৫ তারিখে অনূর্ধ্ব ৪০ (চল্লিশ) বছর। | মাসিক ভাতা ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা |
| ৩ | প্রফেসর নুরুল আফসার খান পোস্ট গ্রাজুয়েট ফেলোশিপ<br>বিষয় :<br>কম্পিউটার সাইন্স/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ইইই/ লেদার টেকনোলজি/ লেদার ইঞ্জিনিয়ারিং/ ফিজিক্স/ ভূতত্ত্ব/ কেমিস্ট্রি/ গ্লাস টেকনোলজি/ সিরামিক ইঞ্জিনিয়ারিং/ বোটানী/ বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং/ বায়োমেডিক্যাল ফিজিক্স/ জেনেটিক ইঞ্জিনিয়ারিং/ বায়োটেকনোলজি/ ফুড টেকনোলজি/ নিউট্রিশন এন্ড ফুড সাইন্স/ রোবোটিক্স/ এপ্লাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং | ১২টি | সংশ্লিষ্ট বিষয়ে এমফিল/ এমএস ডিগ্রী (শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/সমমানের গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণ গ্রহণযোগ্য বিবেচিত হবেন না) | ০১.১১.২০২৫ তারিখে অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর। | মাসিক ভাতা ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা |

| ক্র: নং | ফেলোশিপের নাম | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | আবেদনকারীর বয়সসীমা | মাসিক ভাতা (টাকা) |
|---|---|---|---|---|---|
| ৪ | প্রফেসর মফিজ উদ্দিন আহমেদ স্মৃতি ফেলোশিপ<br>বিষয় :<br>কম্পিউটার সাইন্স/ পলিমার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ফার্মেসী/ কেমিস্ট্রি/ এপ্লাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ফিজিক্স/ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/ এপ্লাইড ফিজিক্স/ ইইই/ বায়োকেমিস্ট্রি/ জেনেটিক ইঞ্জিনিয়ার/ বায়োটেকনোলজি/ ফিসারিজ/ মাইক্রোবায়োলজি/ বোটানী/ জুলজি/ সয়েল সাইন্স/ লেদার টেকনোলজি/ মেটেরিয়াল সাইন্স | ১৪টি | সংশ্লিষ্ট বিষয়ে থিসিস গ্রুপে মাস্টার্স ডিগ্রী প্রাপ্ত (শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/সমমানের গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণ গ্রহণযোগ্য বিবেচিত হবেন না) | ০১.১১.২০২৫ তারিখে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর। | মাসিক ভাতা ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা |
| ৫ | ড. আব্দুল্লাহ আল-মূতি শরফুদ্দিন স্মৃতি ফেলোশিপ<br>বিষয় :<br>মেটেরিয়াল সাইন্স/ মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং / ফার্মেসী/ এগ্রিকালচার সাইন্স/ ভেটেরিনারি সাইন্স/ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/ বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ফিজিক্স/ বায়োমেডিক্যাল ফিজিক্স/ ওয়াটার রিসোর্স ইঞ্জিনিয়ারিং/ রোবোটিক্স/ সয়েল সাইন্স/ ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং/ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং / এনভায়রনমেন্টাল সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ডেইরি সাইন্স/ ফার্মাকোলজি এন্ড টক্সিকোলজি/ পাবলিক হেলথ / বোটানী/ ফিসারিজ | ২০টি | সংশ্লিষ্ট বিষয়ে থিসিস গ্রুপে মাস্টার্স ডিগ্রী প্রাপ্ত (শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/সমমানের গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণ গ্রহণযোগ্য বিবেচিত হবেন না) | ০১.১১.২০২৫ তারিখে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর। | মাসিক ভাতা ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা |
| শূন্য ফেলোশিপের সংখ্যা বৃদ্ধি পেতে পারে। | | | | | |

<u>নিয়োগের নিয়মাবলি:</u>

প্রাথমিকভাবে এক বৎসরের জন্য সকল ফেলোশিপ প্রদান করা হবে। গবেষণার সন্তোষজনক অগ্রগতি সম্পর্কে পরিষদ কর্তৃক গঠিত এতদসংক্রান্ত মূল্যায়ন কমিটির সুপারিশ এবং বোর্ড অনুমোদনের শর্তে বৎসর ভিত্তিক নবায়নের মাধ্যমে ফেলোশিপের মেয়াদ বর্ধিত হতে পারে। সাধারণভাবে ফেলোশিপের মোট মেয়াদ কখনও ৪ বৎসরের অধিক হবে না। ফেলোদের নির্ধারিত হারে ভাতা/আনুতোষিক প্রদান করা হবে। বিসিএসআইআর পোস্ট ডক্টরাল ফেলোশিপে বিদেশী প্রার্থীরাও আবেদন করতে পারবেন। তবে সেক্ষেত্রে প্রার্থীকে বিসিএসআইআর-এর একজন গবেষণা তত্ত্বাবধায়কের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনকারী প্রার্থীকে অনলাইনে (https://grant.most.gov.bd/en/services/bcsir/research-fellowship) আবেদন করতে হবে। ফেলোদের গবেষণাকর্ম বিসিএসআইআর-এর বিভিন্ন গবেষণাগারে সম্পাদন করতে হবে এবং গবেষণা প্রস্তাব বিসিএসআইআর-এর লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ ও বিসিএসআইআর-এর নির্ধারিত ছকে গবেষণা প্রস্তাব, গবেষণা তত্ত্বাবধায়কের স্বাক্ষর (প্রযোজ্য ক্ষেত্রে) সহ অনলাইনে জমা দিতে হবে। অনলাইন আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি ও বিভিন্ন পরীক্ষার নম্বরপত্রের অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের অথবা জন্ম নিবন্ধন কার্ডের অনুলিপি নির্দেশিত ফরমেটে স্ক্যান করে আপলোড করতে হবে।

আবেদনকারী কোন প্রতিষ্ঠানে কর্মরত থাকলে তাকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক অনুমতি পত্রের কপি এবং ফেলো নির্বাচিত হলে "বিসিএসআইআর-এর গবেষণা প্রতিষ্ঠানে সার্বক্ষণিক ও পূর্ণ মেয়াদে কাজের জন্য কর্মস্থল থেকে অবমুক্ত করতে আপত্তি নেই" এই মর্মে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র স্ক্যান করে আবেদনের সাথে আপলোড করতে হবে। অনলাইনে Mobile Financial Services (বিকাশ/নগদ/রকেট/ট্যাপ ইত্যাদি) এর মাধ্যমে আবেদন ফি ৩০০/- (তিনশত) টাকা জমা প্রদান করতে হবে। এ বিজ্ঞাপন প্রকাশের দিন থেকে ২৩.১১.২০২৫ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত আবেদন সাবমিটের জন্য লিংক একটিভ থাকবে। বিসিএসআইআর-এর কোন ফেলোশিপ চাকরি হিসেবে গণ্য হবে না এবং ফেলোশিপের অধীনে কর্মরত থাকলে কোন ফেলোকে কোন প্রকার ছুটি প্রদান করা যাবে না। একই গবেষণা কাজের জন্য অন্য কোন ফেলোশিপ গ্রহণকারীদের আবেদন করার প্রয়োজন নেই। প্রয়োজনীয় তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করা যাবে। (আবেদন সংক্রান্ত প্রয়োজনে সংশ্লিষ্ট (https://support.most.gov.bd/en/login) সাইটে টিকিট তৈরি করুন অথবা সংশ্লিষ্ট (+880 1713-157012, +880 1796-244480) নম্বরে যোগাযোগ করুন।)

29/10/2025

(মোহাম্মদ সহিদুল হক পাটোয়ারী)
সচিব
বিসিএসআইআর